**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১২/২০২১ জে, তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে অধস্তন আদালত ও ট্রাইব্যুনালের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রেখে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে সীমিত পরিসরে বিচারিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

দেশব্যাপী করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১২ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং প্রজ্ঞাপনমূলে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান আগামী ১৪ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখ মধ্যরাত পর্যন্ত বন্ধ রাখাসহ সার্বিক কার্যাবলি/চলাচলে সরকার কর্তৃক বিধিনিষেধ আরোপ করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে দেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনালের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রেখে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে সীমিত পরিসরে বিচারিক কার্যক্রম পরিচালনা করতে হবে।

০২। এমতাবস্থায়, আদালতের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রেখে হাইকোর্ট বিভাগ কর্তৃক জারিকৃত বিগত **১১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিজ্ঞপ্তি নং-১০** এর ধারাবাহিকতায় শুধু জামিন ও অতীব জরুরী ফৌজদারী দরখাস্তসমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে নিষ্পত্তি করার জন্য দেশের প্রত্যেক জেলার জেলা ও দায়রা জজ, মহানগর এলাকার মহানগর দায়রা জজ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক, শিশু আদালতের বিচারক এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও ক্ষেত্রমত তাঁর নিয়ন্ত্রনাধীন ম্যাজিস্ট্রেট-কে নির্দেশ প্রদান করা হলো। এ সময়ে আদালত সংশ্লিষ্ট শুধু অত্যাবশ্যকীয় কর্মচারীগণ উপস্থিত থাকবেন।

০৩। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে
স্বাঃ/-
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
ফোন ঃ ৯৫১৪৬৪৬
E-mail: registrar_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ২৪৮৮ জে, তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, ............................................. (সকল) (অধীনস্ত বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৪. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ........................................................................................(সকল)।
৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ................(সকল) (অধীনস্ত বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৬. সভাপতি/ সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ........................................................................................(সকল)।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
৮. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১০. নোটিশ বোর্ড

26.08.2022

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৬১৯৩২।